

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩, ২০১২

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ ফাল্গুন ১৪১৮ বঙ্গাব্দ/১৩ মার্চ ২০১২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৬৯-আইন/২০১২—Bangladesh Jatiya Jadughar Ordinance, 1983 (Ordinance No. LIII of 1983) এর section 21 এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ জাতীয় জাদুঘর এর বোর্ড অব ট্রাস্টিজ, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ জাতীয় জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০০৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিল এর—

(১) ক্রমিক নং ৩৩ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৩৩ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“৩৩ক.	পরিকল্পনা উন্নয়ন অফিসার	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে ঃ সহকারী পরিকল্পনা উন্নয়ন অফিসার পদে অনূন্য ৫(পাঁচ) বৎসরের চাকুরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরিসংখ্যান, ব্যবস্থাপনা বা গণিত বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণীর (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং বা এম.বি.এ ডিগ্রি এবং (খ) সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।”;
-------	--------------------------	---------	---------------------------------------------------------------------------------------	-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

(৩৬৯১৭)

মূল্য ঃ টাকা ২.০০

(২) ক্রমিক নং ৪১ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৪১ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“৪১ক.	সহকারী পরিকল্পনা উন্নয়ন অফিসার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরিসংখ্যান, ব্যবস্থাপনা বা গণিত বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী।”;
-------	------------------------------------	---------	----------------------------	-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

(৩) ক্রমিক নং ৫৩ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৫৩ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“৫৩ক	কম্পিউটার অপারেটর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।”;
------	----------------------	---------	----------------------------	--------------------------------------------------------------------------------------------------------

(৪) ক্রমিক নং ৬৯ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৬৯ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“৬৯ক	কেয়ারটেকার- কাম-ইউডিএ	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।”;
------	---------------------------	---------	----------------------------	------------------------------------------------------------------------------------------------------

(৫) ক্রমিক নং ৮৮ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৮৮ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“৮৮ক.	কুক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ দেশি-বিদেশি বিভিন্ন রান্নার কাজে পারদর্শী হইতে হইবে।”;
-------	-----	---------	----------------------------	-------------------------------------------------------------------------------------------------------------

(৬) ক্রমিক নং ১০৯ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ১০৯ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“১০৯ক.	কটেজ এ্যাটেনডেন্ট	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।”;
--------	-------------------	---------	----------------------------	------------------------------------------------------------------------------------------

বাংলাদেশ জাতীয় জাদুঘর এর বোর্ড অব ট্রাস্টিজ এর আদেশক্রমে

প্রকাশ চন্দ্র দাস

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)।

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd